



सत्यमेव जयते



শ্রম দপ্তর

পশ্চিমবঙ্গ সরকার

অসংগঠিত শ্রমিকদের জন্য রাজ্য সরকারের

সাহায্যপ্রাপ্ত ভবিষ্যনিধি প্রকল্প

(SASPFUW)

পশ্চিমবঙ্গ অসংগঠিত ক্ষেত্র শ্রমিক কল্যাণ পর্ষদ

● এই প্রকল্পটি কি রূপ?

এই ভবিষ্যনিধি প্রকল্পে শ্রমিক মাসিক ২৫ টাকা হারে প্রতি আর্থিক বছরে সর্বাধিক ৩০০ টাকা পর্যন্ত জমা দেবেন। রাজ্য সরকারও প্রতি মাসে ৩০ টাকা এবং বার্ষিক নির্দিষ্ট হারে (বর্তমানে ৮.৮%) সুদ শ্রমিকের অ্যাকাউন্টে প্রদান করবেন। মেয়াদ শেষে শ্রমিক/তার মনোনীত ব্যক্তি সমস্ত জমা টাকা সুদ সহ ফেরত পাবেন।

● এই প্রকল্পটিতে নাম নথিভুক্তির জন্য যোগ্যতার মাপকাঠি কী?

(ক) তালিকাভুক্ত শিল্প এবং স্বনিযুক্তি পেশায় পশ্চিমবঙ্গে কর্মরত থাকতে হবে।

(খ) শ্রমিকের বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে।

(গ) তার পারিবারিক মাসিক গড় আয় ৬,৫০০ টাকার বেশি হবে না।

(ঘ) কর্মচারী ভবিষ্যনিধি এবং বিবিধ আইন ১৯৫২ (E.P.F. & M.P.Act, 1952)-এর আওতাভুক্ত শ্রমিকেরা এই প্রকল্পের সুবিধা পাবেন না।

● প্রকল্পে নাম নথিভুক্তির জন্য শ্রমিক কীভাবে আবেদন করবেন?

(ক) প্রকল্পের অন্তর্ভুক্ত ১-নং নিদর্শে (Form No. 1) আবেদন করতে হবে। উক্ত আবেদনপত্র সমস্ত শ্রমিক কল্যাণ সহায়তা কেন্দ্র অথবা উপ/সহ কমিশনার-এর অফিসে বিনামূল্যে পাওয়া যায়।

(খ) যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র এবং তিন কপি পাসপোর্ট মাপের ফটো নিম্নলিখিত যে কোনো ব্যক্তি দ্বারা শংসায়িত করাতে হবে—
সংশ্লিষ্ট এলাকার পঞ্চায়েত সমিতির সদস্য/পৌরসভার কমিশনার বা কাউন্সিলার/জেলা পরিষদের সদস্য/বিধায়ক/সাংসদ অথবা বেতনভোগী শ্রমিকের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকর্তা।



● কখন শ্রমিক তার জমা টাকা ফেরত পাবেন?

(ক) ৬০ বছর বয়স পূর্ণ হলে,

(খ) শ্রমিক তার অ্যাকাউন্ট চালু রাখতে না চাইলে অথবা শ্রমিকের মৃত্যু ঘটলে, তার মনোনীত ব্যক্তি (নমিনি) সুদসহ সমস্ত টাকা ফেরত পাবেন।

● এই প্রকল্পের অন্তর্গত কোনো শ্রমিক সর্বাধিক কত আর্থিক সুবিধা পেতে পারেন?

যদি কোনো শ্রমিক ১৮ বছর বয়সে নাম নথিভুক্ত করান এবং ৬০ বছর বয়স পর্যন্ত নিয়মিতভাবে টাকা জমা দিতে থাকেন, তাহলে তাকে জমা করতে হবে মাত্র ১২৬০০



টাকা এবং মেয়াদ শেষে সুদসহ (বর্তমান সুদের হারে) সর্বাধিক ফেরতযোগ্য অর্থের পরিমাণ হবে ২,৫৩,৯৭০ টাকা।

- আরও কিছু সুযোগ সুবিধা
- একটানা দু'বছর নথিভুক্ত থাকলে একজন শ্রমিক প্রতি আর্থিক বছরে ১০,০০০ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পাবেন চিকিৎসাজনিত কারণে (সরকারি হাসপাতালে অন্তত ৫ দিন থাকলে)।
- নথিভুক্ত শ্রমিকের স্বাভাবিক মৃত্যু হলে তাঁর উত্তরাধিকারী ৫০,০০০ টাকা এবং দুর্ঘটনায় মৃত্যু হলে উত্তরাধিকারী ১,৫০,০০০ টাকা পাবেন।
এছাড়া নথিভুক্ত শ্রমিক পাবেন একটি সামাজিক মুক্তি কার্ড যার মাধ্যমে শ্রম দপ্তরের যে কোন অফিসে গিয়ে নিজের অ্যাকাউন্ট সংক্রান্ত সমস্ত তথ্য জানতে পারবেন।
- শ্রমিক তার জমা টাকা ফেরত পাওয়ার জন্য কীভাবে আবেদন করবেন?

জমা টাকা ফেরত পাওয়ার জন্য নির্দিষ্ট আবেদনপত্র সংগ্রহণ এবং পূরণ করা

(১৩) ছাপাখানা, (১৪) বইখাতা বাঁধাই, (১৫) চর্ম এবং চর্মদ্রব্য সমূহ, (১৬) হোসিয়ারি, (১৭) করাতকল, (১৮) প্লাস্টিক শিল্প, (১৯) ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান, (২০) ব্যক্তিগত উদ্যোগে পরিচালিত নার্সিংহোম/বেসরকারি হাসপাতাল, (২১) শিক্ষা প্রিন্টিং, (২২) ডালকল, (২৩) তেলকল, (২৪) ডেকরেশন, (২৫) কাগজ ও পিচবোর্ডের বাস্তু তৈরিতে নিযুক্ত শ্রমিক, (২৬) বিড়ি তৈরির কাজে নিযুক্ত শ্রমিক, (২৭) নৌকা পরিচালন পরিষেবা, (২৮) রেশম গুটির চাষ, (২৯) ধানকল, (৩০) বনজ এবং কাষ্ঠ শিল্প, (৩১) রবার ও রবারজাত দ্রব্য, (৩২) হাড় গুঁড়ো করার কারখানা, (৩৩) চিনামাটি শিল্প, (৩৪) কাজুবাদাম প্রক্রিয়াকরণ, (৩৫) নারকেল ছোবড়া শিল্প, (৩৬) পোশাক তৈরি, (৩৭) আদালত/রেজিস্ট্রি অফিস লিপিকরণ কাজে নিযুক্ত কর্মী, (৩৮) কসাইখানা, (৩৯) প্রতিলিপি মুদ্রাকরণ (Type Writing), (৪০) পাদুকা তৈরি শিল্প (চর্ম, রবার, প্লাস্টিক), (৪১) যন্ত্রচালিত তাঁত, (৪২) ক্ষুদ্র রাসায়নিক শিল্প, (৪৩) লৌহ ঢালাইকরণ, (৪৪) পিতল দ্রব্য প্রস্তুতকরণ, (৪৫) হস্তচালনার মাধ্যমে পাথর ভাঙা, (৪৬) চলচ্চিত্র শিল্প, (৪৭) খাদি, (৪৮) সিল্কোনা ব্যতীত অন্যান্য ভেষজ উদ্ভিদ বাগিচা, (৪৯) হোটেল ও রেস্টোরাঁ।

স্বনিযুক্ত পেশার তালিকা :

(১) সাইকেল রিক্সা ও ভ্যান চালক, (২) মুটে ও মাল ওঠানো নামানোর কাজে নিযুক্ত শ্রমিক, (৩) রেলওয়ে হকার, (৪) পথ ফেরিওয়ালা, (৫) মুচি/জুতা তৈরির কাজে নিযুক্ত শ্রমিক, (৬) স্বর্ণ ও রৌপ্য শিল্পের কাজে নিযুক্ত শ্রমিক, (৭) আয়া/হাসপাতাল ও নার্সিং হোমে রোগী কর্তৃক নিযুক্ত পরিচারক/পরিচারিকা, (৮) ছুতোর, (৯) গৃহস্থালীর কাজে নিযুক্ত কর্মী, (১০) ফ্লোরকর্মী ও রূপসজ্জাশিল্পী (Beauticians), (১১) মূর্তি শিল্পী, (১২) মৎস্যজীবী।

শ্রম দপ্তর

পশ্চিমবঙ্গ সরকার

বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন :

কলকাতার ক্ষেত্রে উপ শ্রম কমিশনারের দপ্তর,

৬নং চার্চ লেন, চতুর্থ তল, কলকাতা-৭০০ ০০১

জেলা/মহকুমা স্তরে উপ/সহ শ্রম কমিশনারের দপ্তর,

ব্লক স্তরে শ্রমিক কল্যাণ সহায়তা কেন্দ্র,